গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ)-এর কার্যালয়
ঢাকা জোন, এলেনবারী, তেজগাঁও, ঢাকা-১২১৫ ।
Tel.: 880-2-9136138, Fax: 880-2-9138075
email : acedha@rhd.gov.bd.

স্মারক নং- ৫৭০১-ডিজেড

তারিখ ঃ- ১৩-১১-২০১৭ ইং।

বিষয় ঃ "গুরুত্বপূর্ন আঞ্চলিক মহাসড়কের যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্পের Package no: DZ(e-GP)-05/Dev/2017-2018; Tender ID : 117272 প্যাকেজ নং-WP-05 এর কাজের দরপত্র অনুমোদন সংক্রান্ত।

সূত্র ঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, জিএফডিপি অধিশাখা'র নং-৩৫.০০.০০০০.০২১.০০৭.০৫৮.২০১৭-১১৮৪ তারিখ ০৮-১১-২০১৭ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের কাজের দরপত্রটি অনুমোদনের লক্ষ্যে চাহিত তথ্যাদি নিম্নরুপ ঃ

"গুরুত্বপূর্ন আঞ্চলিক মহাসড়কের যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্প ২৮-০৩-২০১৭ ইং তারিখে একনেক সভায় অনুমোদিত হয় এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, কার্যক্রম ও এডিপি শাখার নং-৩৫.০০.০০০০.০৩২.০১৪.০২.১৬.২৬৮ তারিখ ১৫-০৫-২০১৭ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়। প্রকল্পটিতে মোট ৮(আট) টি প্যাকেজ অর্ন্তভূক্ত আছে। বিষয়ে উল্লেখিত প্যাকেজ WP-05 এর ডিপিপি প্রাক্কলিত মূল্য টাকা ৬৭১৩.৬৩ লক্ষ। রিজিড পেভমেন্টের নক্সা পরিবর্তন এবং বাস্তব অবস্থার প্রেক্ষিতে সড়কের প্রশস্তকরণের পরিমান বৃদ্ধি পাওয়ায় প্যাকেজের দাপ্তরিক প্রাক্কলিত মূল্য দাড়ায় ৭১৭৯.৩৩ লক্ষ টাকা। ফলে ডিপিপির প্যাকেজ থেকে দাপ্তরিক প্রাক্কলন ৪৬৫.৭০ লক্ষ টাকা বৃদ্ধি পায়।

পিপিআর-২০০৮ এর ধারা ১৬ (৫) (খ) অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) কোন উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর সার্বিক ক্রয় পরিকল্পনায় উল্লিখিত প্রাক্কলিত ব্যয় হইতে অধিক হইলে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) অনুমোদনকারী কর্তৃপক্ষ হইল ক্রয়কারী কার্যালয় প্রধান **(কপি সংযুক্ত-ক)**।

প্রকল্পের বর্ণিত প্যাকেজ WP-05 এর বিপরীতে প্রস্তুতকৃত দাপ্তরিক প্রাক্কলিত মূল্য (Official Cost Estimate) অনুমোদিত ডিপিপি প্যাকেজ মূল্য হতে বেশী হওয়ায় পিপিআর-২০০৮ এর ধারা ১৬ (৫) (খ) অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) উক্ত প্যাকেজের সংশোধনকৃত দাপ্তরিক প্রাক্কলন (Revised Official Cost Estimate) নিম্নোক্ত শর্তে অনুমোদন করেন **(কপি সংযুক্ত-খ)**। শর্তগুলো নিম্নরুপ ঃ

শর্ত-১ ঃ প্রাস্তাবিত প্রাক্কলনের অংগের পরিমান ও মুল্যের সাথে সামঞ্জস্য রেখে অনুমোদিত ডিপিপি'র প্যাকেজ নং- WP-05 যথাযথভাবে সংশোধন পূর্বক আরডিপিপি অনুমোদন করতে হবে।

শর্ত-২ ঃ ব্যয় নির্বাহের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত বিধি-বিধানসহ সকল আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

শর্ত-৩ ঃ প্রাক্কলন সংক্রান্ত পিপিআর ২০০৮ এর সংশ্লিষ্ট বিধি প্রতিপালন করতে হবে।

বিষয়টি তাঁর সদয় অবগতি ও পরবর্তী প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহ অনুরোধ করা হল।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

১৩/১১/২০১৭
(মোঃ আবদুস সবুর)
পরিচিতি নং-০০৫০২৪
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ,
ঢাকা জোন, এলেনবারী, তেজগাঁও, ঢাকা ।

প্রধান প্রকৌশলী,
সড়ক ও জনপথ অধিদপ্তর,
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি ঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণলয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষন ঃ সুলতানা ইয়াসমীন, উপ-সচিব)।

'কপি-সংযুক্ত-২৫'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
☎ ঃ ৮৮৭৯৩৯৯
E-mail : ce@rhd.gov.bd

স্মারক নং ২৯৬-প্রঃ প্রঃ তারিখঃ ২৯/০৮/১৭

বিষয় ঃ "গুরুত্বপূর্ন আঞ্চলিক মহাসড়কের যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্প এর প্যাকেজ নং-WP-05 **(Widening Strengthening and Surfacing of Bulta-Arihazar-Bancharampur Road R-203)** প্যাকেজ এর দরপত্র প্রক্রিয়া সম্পন্নকরণ প্রসংগে।

সূত্র ঃ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোনের স্মারক নং-৩৫৭৫-ডিজেড তারিখ ০২-০৭-২০১৭ এবং স্মারক নং-৩৬৯৯-ডিজেড তারিখ ১০-০৭-২০১৭।

সূত্রস্থ স্মারকের সুপারিশের প্রেক্ষিতে বিষয়োক্ত প্রকল্পের প্যাকেজ নং-WP-05 এর বিপরীতে প্রস্তুতকৃত প্রস্তাবিত দাপ্তরিক প্রাক্কলিত মূল্য (Official Cost Estimate) অনুমোদিত ডিপিপির প্যাকেজ মূল্য হতে বেশী হওয়ায় পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৫)(খ) অনুযায়ী উক্ত প্যাকেজের সংশোধনকৃত দাপ্তরিক প্রাক্কলন (Revised Official Cost Estimate) নিম্নোক্ত শর্তে অনুমোদন করা হল ঃ

শর্ত-১ঃ প্রস্তাবিত প্রাক্কলনের অংগের পরিমান ও মূল্যের সাথে সামঞ্জস্য রেখে অনুমোদিত ডিপিপি'র প্যাকেজ নং- WP-05 যথাযথভাবে সংশোধন পূর্বক আরডিপিপি অনুমোদন করতে হবে।

শর্ত-২ঃ ব্যয় নির্বাহের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত বিধি-বিধানসহ সকল আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

শর্ত-৩ঃ প্রাক্কলন সংক্রান্ত পিপিআর ২০০৮ এর সংশ্লিষ্ট বিধি প্রতিপালন করতে হবে।

সংযুক্তি : অনুমোদিত দাপ্তরিক প্রাক্কলন (গিলগালাকৃত)।

২৯/৮/১৭
(ইবনে আলম হাসান)
পরিচিতি নং-০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ঢাকা জোন, ঢাকা।

অনুলিপি ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

মোঃ আবদুস সবুর
পরিচিতি নং- ০০৫০২৪
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ) সওজ,
ঢাকা জোন, ঢাকা।

'কপি সংযুক্ত-ক'



(৭) ক্রয়কারী, কার্যের ক্ষেত্রে, ক্রয় পদ্ধতি নির্ধারণে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিবে ঃ

(ক) ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ;

(খ) ঠিকাদারী সেক্টরের বিদ্যমান অবস্থা ;

(গ) স্থানীয় ঠিকাদারদের সামর্থ্য ;

(ঘ) প্রত্যাশিত প্রতিযোগিতা ;

(ঙ) ভৌগলিক অবস্থান ;

(চ) কার্য সমাপনের প্রত্যাশিত তারিখ ;

(ছ) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়।

**১৬। ক্রয় পরিকল্পনা প্রণয়ন, ইত্যাদি।**—(১) ক্রয় পরিকল্পনা প্রণয়ন সকল ক্রয়কারীর জন্য বাধ্যতামূলক হইবে।

(২) ক্রয় পরিকল্পনায় মূল্য বা পদ্ধতি নির্বিশেষে ক্রয়ের জন্য নির্ধারিত সকর অভীষ্ট বস্তু বা বিষয়, যথা, পণ্য ও সংশ্লিষ্ট সেবা, কার্য, ভৌত, ভৌতসেবা এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার শ্রেণীভিত্তিক বিন্যাসপূর্বক অন্তর্ভুক্ত করিতে হইবে।

(৩) উন্নয়ন প্রকল্প বা কর্মসূচী এবং রাজস্ব বাজেটের জন্য আলাদাভাবে ক্রয় পরিকল্পনা প্রণয়ণ করিতে হইবে।

(৪) ক্রয়কারী উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর অধীন ক্রয়ের ক্ষেত্রে [১][তফসিল-৫ এর অংশ-ক অনুসারে], প্রকল্পের পূর্ণ মেয়াদকালের জন্য সার্বিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করিবে এবং উহা উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP) বা কারিগরি সহায়তা প্রকল্প (TPP) এর সঙ্গে সংযুক্ত করিতে হইবে।

(৫) ক্রয়কারী, প্রত্যেক অর্থ বৎসরের শুরুতে, অন্যান্য বিষয়ের মধ্যে প্রত্যাশিত তহবিল প্রবাহের বিষয়টি বিবেচনাক্রমে, কোন উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর সার্বিক ক্রয় পরিকল্পনা এবং [১][প্রাক্কলিত ব্যয় (cost estimate) বাৎসরিক ভিত্তিতে এবং যুক্তিসঙ্গতভাবে হালনাগাদ করিবে।

[২][(৫ক) উপ-বিধি (৫) এ যাহা কিছুই থাকুক না কে, ক্রয়কারী দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল চূড়ান্তকরণের পূর্বে বা দরপত্র বা প্রাক্কলিত প্রস্তাব আহ্বানের পূর্বে কোন নির্দিষ্ট ক্রয়ের দাপ্তরিক ব্যয় (official cost estimate) প্রস্তুত করিবে ;

(৫খ) উপ-বিধি (৫ক) এ প্রস্তুতকৃত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) কোন উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর সার্বিক ক্রয় পরিকল্পনায় উল্লিখিত প্রাক্কলিত ব্যয় হইতে অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান এবং অধিক না হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা অনুমোদনকারী কর্তৃপক্ষ (যদি অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের নিম্নে হন) কর্তৃক অনুমোদনপূর্বক সীমিত দরপত্র পদ্ধতিতে অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্র ব্যতীত, দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) সীলগালা করিয়া রাখিবে, যাহা দরপত্র বা প্রস্তাব মূল্যায়নের সময় মূল্যায়ন কমিটি কর্তৃক উন্মুক্ত করা হইবে।]

---

[১]এস আর ও নং ৭৩- আইন/২০১১, তারিখ ঃ ২৭ মার্চ, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত।

[২]এস. আর. ২ নং-৭৩- আইন/২০১১, তারিখ ঃ ২৭ মার্চ, ২০১১ দ্বারা সন্নিবেশিত।

মোঃ আবদুস সবুর
পরিচিতি নং- ০০৫০২৪
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ) সওজ,
ঢাকা জোন, ঢাকা।